

সেপ্টেম্বর/ ২০২০ ইং মাসের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী


সভাপতিঃ ডাঃ মোঃ ইমরান হোসেন খান, রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল।
সভার তারিখঃ ০২/০৯/২০২০ইং
সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থানঃ বাঃ ভেঃ কাঃ অধিবেশন কক্ষ
উপস্থিতিঃ পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল মন্ত্রণালয়ের ৮টি দপ্তরের মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়ে ইনোভেশন কার্যক্রমে ১ম হওয়ায় তিনি টিমের সকল সদস্যকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে আরও ভালো নম্বর পাওয়ার অভিপ্রায় ব্যক্ত করেন। তিনি আরও বলেন, আমরা যদি চেকলিস্ট অনুযায়ী প্রতিটি কার্যক্রম যথাযথ সময়ে সম্পন্ন করতে পারি তাহলে আমরা আগামীতে আরও ভালো নম্বর পেয়ে ১ম হতে পারব। অতঃপর সভাপতি মহোদয় অত্র দপ্তরের ইনোভেশন টিমের সদস্য-সচিব বিগত ০৭-০৭-২০২০ইং তারিখে অনুষ্ঠিত সভার অগ্রগতি সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য নির্দেশ দেন। সদস্য সচিব বলেন, ইতিমধ্যে ২০২০-২০২১ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার চেকলিস্ট তৈরি করা হয়েছে যা আপনাদের সদয় অবগতির জন্য সভায় উপস্থাপন করা হয়েছে। চেকলিস্ট অনুযায়ী আমাদের ২৬টি বিষয় তালিকাভুক্ত রয়েছে। বিষয়ভিত্তিক কাজগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে পারলে আশা করি আগামীতে আমরা আরও ভালো ফলাফল অর্জন করতে পারব। টিমের সদস্য জনাব আবু জাফর মোঃ রেজাউল আলম বলেন, উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি ও সেবা সহজিকরণ বিষয়ে মোট ৫ দিনের প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে। এ প্রশিক্ষণে ইনোভেশন টিমের সদস্য ছাড়াও অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণ করা প্রয়োজন। এতে উদ্ভাবনী কার্যক্রম সম্পর্কে সকল কর্মকর্তা ও কর্মচারী সম্যক ধারণা পাবেন। কাজেই উল্লেখিত প্রশিক্ষণের তারিখ, অংশগ্রহণকারী এবং বিষয়বস্তু নির্ধারণ করা আবশ্যিক। উদ্ভাবনী টিমের অপর সদস্য জনাব মোঃ মহিদুল হাসান বলেন, এ বছর কমপক্ষে ১টি ডিজিটাল সেবা বাছাই করা প্রয়োজন। ইনোভেশন টিমের সদস্য জনাবা ফাহিমদা আফরোজ বলেন, একটি ডিজিটাল সেবা দ্রুত বাছাই পূর্বক সেবা সহজিকরণের আদেশ আগামী ১৫-১০-২০২০ ইং তারিখের মধ্যে জারি করতে হবে। কাজেই অতি অল্প সময়ের মধ্যে ১টি ডিজিটাল সেবা বাছাই করা খুব জরুরী।

আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

- ১। ৩টি প্রশিক্ষণের তারিখ, অংশগ্রহণকারী এবং বিষয়বস্তু নির্ধারণ করা।
- ২। ডিজিটাল সেবা দ্রুত বাছাই করে পাইলটিং বাস্তবায়নের আদেশ জারি করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ডাঃ মোঃ ইমরান হোসেন খান)
রেজিস্ট্রার।